**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 11/29/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# টার্মিনাল 8-এ JFK-এর প্রথম পুনঃউন্নয়ন প্রকল্পের কাজ সম্পন্ন হয়েছে বলে গভর্নর হোকল, নিউ ইয়র্ক ও নিউ জার্সি বন্দর কর্তৃপক্ষ, আমেরিকান এয়ারলাইন্স এবং ব্রিটিশ এয়ারওয়েজ এর ঘোষণা

***400 মিলিয়ন ডলারের বেসরকারি অর্থায়নে টার্মিনাল 8 সম্প্রসারণ আপগ্রেডকৃত টার্মিনালটিতে ব্রিটিশ এয়ারওয়েজকে আমেরিকান এয়ারলাইন্স এর সঙ্গে পাশাপাশি অবস্থান করার মতো জায়গা করে দিয়েছে***

***21 শতকের উপযোগী গ্রাহক অভিজ্ঞতা তৈরি করার জন্য প্রিমিয়াম লাউঞ্জ, বর্ধিত ব্যাগেজ সিস্টেম, এবং প্রিমিয়াম চেক-ইন স্পেস রয়েছে***

***MWBE ফার্মগুলোকে 161 মিলিয়ন ডলারেরও বেশি কন্ট্রাক্ট এবং স্থানীয় ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে প্রায় 33 মিলিয়ন ডলার প্রদান করা হয়েছে***

***আগামী 18 মাসে কনসেশনগুলোর বড় ধরনের আপগ্রেড সম্পন্ন হতে যাচ্ছে***

গভর্নর ক্যাথি হোকল, নিউ ইয়র্ক ও নিউ জার্সি বন্দর কর্তৃপক্ষ, আমেরিকান এয়ারলাইন্স (American Airlines), এবং ব্রিটিশ এয়ারওয়েজ (British Airways) আজ নতুনভাবে সম্প্রসারণকৃত টার্মিনাল 8 চালু হওয়ার কথা ঘোষণা করেছেন, যা ঐতিহাসিক JFK রূপকল্প পরিকল্পনার প্রথম পর্যায় সম্পন্ন হওয়া নির্দেশ করছে, যে পরিকল্পনা এই আন্তর্জাতিক বিমানবন্দরকে একটি বিশ্বমানের বৈশ্বিক হাবে রূপান্তর করছে।

"টার্মিনাল 8-এর নির্মাণকাজ সম্পন্ন হওয়া নিউ ইয়র্কের প্রাপ্য একটি সম্পূর্ণ নতুন JFK নির্মাণ করার জন্য আমাদের ঐতিহাসিক প্রচেষ্টায় সর্বশেষ মাইলফলক," **বলেছেন গভর্নর হোকল।** "আসন্ন বহু মাইলফলকের মধ্যে প্রথম মাইলফলকটি অর্জিত হওয়ায় আমি আমেরিকান এয়ারলাইন্স, ব্রিটিশ এয়ারওয়েজ, এবং পোর্ট অথরিটিকে অভিনন্দন জানাই। JFK-কে একটি চমকপ্রদ বৈশ্বিক গেটওয়েতে রূপান্তর করার কাজে আমরা আমাদের নিবিড় অংশীদারিত্ব অব্যাহত রাখবো, যা নিউ ইয়র্ককে বৈশ্বিক পর্যায়ে কেন্দ্রস্থলে রাখার ব্যাপারে সাহায্য করবে।"

400 মিলিয়ন ডলারের বেসরকারি অর্থায়নে হওয়া সম্প্রসারণ ও আধুনিকায়ন ব্রিটিশ এয়ারওয়েজকে টার্মিনাল 7-এ এটির দীর্ঘদিনের ঠিকানা ছেড়ে টার্মিনাল 8-এ আমেরিকান

এয়ারলাইন্স এর সঙ্গে সহাবস্থান করার সুযোগ প্রদান করবে। 60 বছরের পুরোনো টার্মিনাল 7 ভেঙে একটি নতুন টার্মিনাল 6 এর জন্য জায়গা খালি করা হবে, যেটির নির্মাণকাজ আগামী বছরের প্রথমদিকে শুরু হবে।

টার্মিনাল 8 এর কার্যক্রম সম্প্রসারণের মধ্যে রয়েছে পাঁচটি নতুন প্রশস্ত গেট, চারটি নতুন প্রশস্ত পার্কিং পজিশন, এবং একটি সম্প্রসারণকৃত ও আপগ্রেডকৃত ব্যাগেজ হ্যান্ডেলিং সিস্টেম যা একসঙ্গে বাড়তি ট্রান্সআটলান্টিক ফ্লাইটকে সহায়তা করবে। এছাড়াও টার্মিনালটি সম্প্রসারণ করে আনুমানিক 130,000 বর্গফুট বাড়তি ও সংস্কারকৃত জায়গা যোগ করা হয়েছে।

টার্মিনাল 8 এর সম্প্রসারণ JFK রূপকল্প পরিকল্পনার একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ উপাদান, যে পরিকল্পনা এই বিমানবন্দরকে ভ্রমণকারীদের জন্য 21 শতকের গ্রাহক অভিজ্ঞতা ও বর্ধিত সংযোগ সুবিধা সম্পন্ন বিশ্বের সবচেয়ে উৎকৃষ্ট আন্তর্জাতিক গেটওয়েগুলোর মধ্যে একটিতে রূপান্তর করবে। ব্রিটিশ এয়ারওয়েজ এর স্থান পরিবর্তন এমন এক সময়ে এই আলোচিত ক্যারিয়ারকে এটির অংশীদার এয়ারলাইন্সের অধিকতর নিকটবর্তী স্থানে নিয়ে আসছে যখন আটটি **ওয়ান**ওয়ার্ল্ড® অ্যালায়েন্স (**one**world® Alliance) ক্যারিয়ারের ঠিকানা হয়ে উঠতে যাচ্ছে টার্মিনাল 8। আইবেরিয়া (Iberia) 1 ডিসেম্বর থেকে টার্মিনাল 8-এ স্থানান্তরিত হওয়ার পরিকল্পনা করছে এবং জাপান এয়ারলাইন্স (Japan Airlines) 2023 সালের মে মাসে এটির কার্যক্রম টার্মিনাল 8-এ সরিয়ে আনতে পারবে বলে প্রত্যাশা করছে।

**পোর্ট অথরিটির এক্সিকিউটিভ ডিরেক্টর রিক কটন বলেন,** "টার্মিনাল 8 এর এই অনুপ্রেরণাদায়ক সম্প্রসারণ, যেটি JFK ও লন্ডনের মধ্যে প্রতি ঘণ্টায় অসাধারণ পরিষেবা প্রদানের ব্যবস্থা করবে, JFK-তে সামনে আরো যা আসতে যাচ্ছে তার একটি উদাহরণ, যেখানে একটি বিশ্বমানের, 21 শতকের উপযোগী বিমানবন্দর তৈরির জন্য আমাদের রুপকল্প এখন এই বিমানবন্দরের এক প্রান্ত থেকে অন্য প্রান্ত পর্যন্ত বাস্তবায়িত হচ্ছে। আমেরিকান এয়ারলাইন্স ও ব্রিটিশ এয়ারওয়েজ এর দ্বারা বিনিয়োগের সুবাদে, টার্মিনাল 8 - পাঁচটি নতুন প্রশস্ত গেট নিয়ে - উন্নত যাত্রী অভিজ্ঞতা এবং JFK অভিমুখে ও JFK থেকে ট্রান্সআটলান্টিক ভ্রমণের জন্য বর্ধিত ধারণক্ষমতা প্রদান করছে। টার্মিনাল 8 এ আমাদের বেসরকারি অংশীদারদের এই বিনিয়োগ এই বিমানবন্দর এবং JFK অঞ্চলের ভবিষ্যতের প্রতি আস্থার একটি নিদর্শন।"

**পোর্ট অথরিটির চেয়ারম্যান কেভিন ও'টুলি বলেন,** "আজ আমরা টার্মিনাল 8 সম্প্রসারণ হওয়া উদযাপন করছি, যেটি JFK-তে সম্পন্ন হতে যাওয়া অনেকগুলো অসাধারণ কাজের মধ্যে একটি। ঠিক যেমনটি আমরা নিউআর্ক ও লা গার্ডিয়াতে করেছি, পোর্ট অথরিটি এবং আমাদের বেসরকারি অংশীদাররা এই অঞ্চলের প্রাপ্য আধুনিক বিমানবন্দরগুলো সফলভাবে নির্মাণ করছে।"

**আমেরিকান এয়ারলাইন্স-এর CEO রবার্ট আইসাম বলেন,** "আমাদের দীর্ঘদিনের যৌথ ব্যবসার অংশীদার, ব্রিটিশ এয়ারওয়েজকে আমেরিকান এবং অন্যান্য **ওয়ান**ওয়ার্ল্ড অংশীদারদের সঙ্গে টার্মিনাল 8-এ যোগদানের জন্য স্বাগত জানাতে পেরে আমরা রোমাঞ্চিত। JFK-কে একটি নেতৃস্থানীয় বৈশ্বিক বিমানবন্দরে রূপান্তর করার জন্য আমাদের বিনিয়োগের

অংশ হিসেবে, আমরা গ্রাহকদেরকে সম্প্রসারণকৃত টার্মিনালের জায়গা, নতুন চেক-ইন এরিয়া এবং অভিজাত লাউঞ্জ অফার করতে পেরে উচ্ছসিত বোধ করছি।"

**ব্রিটিশ এয়ারওয়েজ-এর চেয়ারম্যান ও CEO শন ডয়েল বলেন**, "আমরা 2019 সালে আমাদের যৌথ বিনিয়োগের কথা ঘোষণা করেছিলাম, তাই আমাদের ব্যবসায়িক অংশীদার আমেরিকান এয়ারলাইন্স-এর সঙ্গে এই উল্লেখযোগ্য মাইলফলকে পৌঁছাতে পারা একটি সম্মানের ব্যাপার। 1 ডিসেম্বর থেকে আমাদের গ্রাহক ও সহকর্মীরা টার্মিনাল 8 এর অফার করা সব সুযোগ-সুবিধা উপভোগ করতে পারবেন।"

উভয় এয়ারলাইন্সের প্রিমিয়াম গ্রাহকরা এখন টার্মিনাল 8 এ একটি উন্নত ভ্রমণের অভিজ্ঞতা উপভোগ করতে পারবেন। এখানে পৌঁছানোর পরে প্রিমিয়াম গ্রাহকরা নতুন কো-ব্র্যান্ডেড প্রিমিয়াম চেক-ইন এরিয়া দেখতে পাবেন, যেটি স্বতন্ত্রভাবে, ব্যক্তিগত সেবাদান কর্মী থাকার মতো করে সেবা প্রদান করবে। সুচিন্তিত নকশায় নির্মিত স্থাপত্য উপাদানগুলো উপযুক্ত গ্রাহকদের জন্য একটি এক্সক্লুসিভ চেক-ইন এরিয়াও প্রদান করবে।

নিরাপত্তা বেষ্টনি অতিক্রম করার পরে, তিনটি স্বতন্ত্র লাউঞ্জ; চেলসি, সোহো ও গ্রিনউইচ, উপযুক্ত গ্রাহকদেরকে ভ্রমণের কেবিন ও লয়্যাল্টি প্রোগ্রাম স্ট্যাটাসের উপর ভিত্তি করে উভয় ব্র্যান্ডের সেরা বিষয়গুলোর সম্মিলন ঘটিয়ে একটি পরিশীলিত, উষ্ণ ভ্রমণ-পূর্ব অভিজ্ঞতা প্রদান করবে। দুইটি নতুন লাউঞ্জ — চেলসি ও সোহো — অরিজিনাল উচ্চমানের ফিনিশিং দিয়ে নকশা করা হয়েছে, যা প্রত্যেক অতিথির জন্য অফারকৃত অভিজ্ঞতা ও পরিষেবা উন্নত করার পাশাপাশি জায়গাটি সম্পর্কে একটি অনন্য অনুভূতি জাগিয়ে তোলে।

এছাড়াও আগামী 18 মাস ধরে টার্মিনাল 8 একটি বড় ধরনের কনসেশন আপগ্রেডের মধ্য দিয়ে যাবে, যার মধ্যে স্থানীয়ভাবে অনুপ্রাণিত খাবার ও পানীয় লভ্য থাকার অপশনও অন্তর্ভুক্ত রয়েছে।

টার্মিনাল 8 এ আমেরিকান এয়ারলাইন্স ও ব্রিটিশ এয়ারওয়েজ এর সহাবস্থান একটি রূপান্তরিত ও আরো বেশি একতাবদ্ধ JFK-তে যাত্রীদের জন্য অধিকতর সংযোগ তৈরি করার জন্য পোর্ট অথরিটির মিশনকে সমর্থন করে।
টার্মিনাল 8 প্রকল্পের কাজে 115টিরও বেশি অনন্য সংখ্যালঘু ও মহিলাদের-মালিকানাধীন ব্যবসা প্রতিষ্ঠান সম্পৃক্ত ছিল যাদেরকে মোট 161 মিলিয়ন ডলারের কন্ট্রাক্ট প্রদান করা হয়েছে, যেটি সংস্থাটির মূলধনী প্রকল্পগুলোতে কমপক্ষে 30 শতাংশ MWBE-এর অংশগ্রহণ নিশ্চিত করার জন্য পোর্ট অথরিটির অঙ্গীকারবদ্ধতাকে ছাড়িয়ে গেছে। স্থানীয় ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে টার্মিনাল 8 এ প্রায় 33 মিলিয়ন ডলারের কন্ট্রাক্ট প্রদান করা হয়েছে।

**রিপ্রেজেন্টেটিভ গ্রেগরি ডব্লিউ. মিকস বলেন,** "JFK বিমানবন্দরের টার্মিনাল 8 সম্প্রসারণ নিউ ইয়র্কে আন্তর্জাতিক ভ্রমণ ও অবকাঠামো উন্নয়নের গুরুত্বকে তুলে ধরছে। JFK বিমানবন্দর বিশ্বের জন্য আমাদের দেশের প্রবেশদ্বার। এই প্রকল্প বৈশ্বিক ভ্রমণকে উৎসাহিত করার পাশাপাশি লোকজনকে বাস্তবিক ক্যারিয়ার গঠনের সুযোগ প্রদান করার মাধ্যমে নিউ ইয়র্কের পরিবর্তনশীল অর্থনীতিকে সহায়তা করছে এবং একইসাথে বিমান শিল্পের টেকসই

অনুশীলনগুলোতে বিনিয়োগ অব্যাহত রাখছে। JFK-এর পুনঃউন্নয়নের জন্য এই অব্যাহত বিনিয়োগ নিশ্চিতভাবেই এটিকে একটি প্রিমিয়ার বৈশ্বিক গেটওয়েতে পরিণত করছে।"

**কুইন্স বরোর প্রেসিডেন্ট ডনোভ্যান রিচার্ডস জুনিয়র বলেন,** "সফলভাবে টার্মিনাল ৪ এর পুনরায় নকশা প্রণয়ন ও পুনরায় ভাবনা JFK-কে বিশ্বের সবচেয়ে সেরা একক বিমানবন্দরে পরিণত করার লক্ষ্যে আমাদের বাস্তবিক অগ্রগতিগুলোর মধ্যে একটি উপায় মাত্র। নতুন গেট, নতুন সুযোগ-সুবিধা, ও নতুন লাউঞ্জগুলোর পাশাপাশি টার্মিনাল ৪ এর আপগ্রেড কুইন্স এর অধিবাসী ও ব্যবসা প্রতিষ্ঠানগুলোর জন্য নতুন কর্মসংস্থান ও কন্ট্রাক্ট প্রাপ্তির সুযোগও নিয়ে এসেছে। আমি গভর্নর হোকল এবং পোর্ট অথরিটিকে, আমেরিকান এয়ারলাইন্স ও ব্রিটিশ এয়ারওয়েজকে, এসব উন্নয়ন কাজ যারা সম্পন্ন করেছেন সেসব শ্রমিকদেরকে, এবং আমার JFK পুনঃউন্নয়ন কাউন্সিলের সহ-সভাপতি গ্রেগ মিকসকে এবং এই প্রকল্পকে বাস্তব রূপদান করতে যারা অবদান রেখেছেন তাদের প্রত্যেককে আন্তরিকভাবে ধন্যবাদ জানাচ্ছি।"

**বিল্ডিং এন্ড কনস্ট্রাকশন ট্রেডস কাউন্সিল অব গ্রেটার নিউ ইয়র্ক (Building and Construction Trades Council of Greater New York)-এর প্রেসিডেন্ট গ্যারি লা-বারবারা বলেন,** "JFK আন্তর্জাতিক বিমানবন্দরের টার্মিনাল ৪ এর এই সম্প্রসারণ এই অতি গুরুত্বপূর্ণ, বৃহৎ-পরিসরের পুনঃউন্নয়ন পরিকল্পনার একটি অংশের কাজ সম্পন্ন হওয়ার প্রতিনিধিত্ব করছে যেটি নিউ ইয়র্কের অর্থনৈতিক পুনরুদ্ধারকে পুনরুজ্জীবিত করা এবং ভালো বেতনের, সুযোগ-সুবিধা সহ মধ্যম শ্রেণির ক্যারিয়ার তৈরি করার ক্ষেত্রে একটি অতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করা অব্যাহত রেখেছে। এসব প্রকল্পের কাজ সম্পন্ন হলে তা নিউ ইয়র্কে একটি নতুন যুগের দ্বার উন্মুক্ত করবে এবং আমরা JFK আন্তর্জাতিক বিমানবন্দরকে পুরোপুরিভাবে আধুনিকায়ন করে নিউ ইয়র্কবাসীরা এবং আমাদের দর্শনার্থীরা সত্যিকার অর্থেই পাওয়ার যোগ্য এমন একটি দৃষ্টান্তমূলক, বিশ্বমানের পরিবহন হাবে রূপান্তর করার পথে আরো এক ধাপ এগিয়ে যাওয়াকে উদযাপন করছি।"

**বিশ্বমানের গ্লোবাল গেটওয়েতে JFK এর রূপান্তর**

জানুয়ারি 2017-তে, জেকেএফ ভিশন প্ল্যান, জন এফ. কেনেডি আন্তর্জাতিক বিমানবন্দরকে বিশ্বমানের বিমানবন্দর, নিউ ইয়র্কবাসীরা যা পাওয়ার যোগ্য, তাতে রূপান্তরিত করার কথা ঘোষণা করেছিল। ভিশন প্ল্যানটি বিদ্যমান সুযোগ সুবিধা এবং পরিকাঠামো সম্পূর্ণরূপে পুনর্গঠন, পরিমার্জন এবং সম্প্রসারিত করতে বন্দর কর্তৃপক্ষ এবং তার অংশীদারদের জন্য একটি কৌশলগত ফ্রেমওয়ার্ক প্রদান করে। নতুনভাবে সম্প্রসারিত টার্মিনাল ৪ বিমানবন্দরটির রূপান্তরের অন্য তিনটি প্রধান উপাদানের নির্মাণকাজ এগিয়ে যাওয়ার গতির সঙ্গে যোগ হচ্ছে।

- 9.5 বিলিয়ন ডলারের একটি সর্বাধুনিক নতুন টার্মিনাল ওয়ানের নির্মাণকাজ 2022 সালের সেপ্টেম্বর মাস থেকে শুরু হয়েছে, যেটি বিমানবন্দরের দক্ষিণ পাশের জন্য নোঙ্গর হিসেবে কাজ করবে।
- ডেল্টা এয়ার লাইন্স (Delta Air Lines) এবং JFK ইন্টারন্যাশনাল এয়ার টার্মিনাল (JFK International Air Terminal) এর নেতৃত্বে 1.5 বিলিয়ন ডলারের টার্মিনাল 4 সম্প্রসারণ প্রকল্প 2021 সালের বসন্তকালে অনুমোদিত হয়, 2021 সালের শরতকালে প্রকল্পের

নির্মাণকাজ শুরু হয় এবং বর্তমানে নির্মাণকাজ চলমান রয়েছে যা আগামী বছরের শরতকালে সম্পন্ন হবে বলে প্রত্যাশা করা হচ্ছে।

4.2 বিলিয়ন ডলারের নতুন টার্মিনাল 6, যেটি বিমানবন্দরের উত্তর পাশের নোঙ্গর হিসেবে ভূমিকা রাখার জন্য টার্মিনাল 5 এর সঙ্গে নিরবচ্ছিন্ন সংযোগ স্থাপন করবে, উন্নয়ন প্রকল্প এই মাসের শুরুতে প্রকল্পটির জন্য সম্পূর্ণ বেসরকারি অর্থায়ন সংগ্রহ করেছে, এবং আগামী 90 দিনের মধ্যে প্রকল্পের নির্মাণকাজ শুরু হবে।

বেসরকারি অর্থায়নে পরিচালিত সব টার্মিনাল প্রকল্পগুলো এবং পোর্ট অথরিটির সড়কপথ, পার্কিং ও অবকাঠামো প্রকল্পগুলো একসঙ্গে JFK ইন্টারন্যাশনাল-এর 18 বিলিয়ন ডলারের রূপান্তরমূলক কাজ এবং একটি অসাধারণ ধারাবাহিক সরকারি-বেসরকারি অংশীদারিত্বের প্রতিনিধিত্ব করে। পোর্ট অথরিটির 2.9 বিলিয়ন ডলারের বিনিয়োগ, সম্পূর্ণ JFK সংস্কার কর্মসূচির আওতাধীন চারটি প্রকল্পের জন্য 15 বিলিয়ন ডলারেরও বেশি সম্পূর্ণ বেসরকারি বিনিয়োগের অঙ্গীকারের কথা বিবেচনা করলে, পাঁচগুণেরও বেশি অনুপাতে বেসরকারি বিনিয়োগকে কাজে লাগাচ্ছে।

## স্থানীয় কমিউনিটির সাথে অত্যন্ত নিকটভাবে জড়িয়ে JFK বিমানবন্দরের পুনঃউন্নয়ন করা

2018 সালে, JFK পুনঃউন্নয়ন কমিউনিটি অ্যাডভাইজরি কাউন্সিল গঠিত হয়। যুক্তরাষ্ট্রের রিপ্রেজেন্টেটিভ গ্রেগরি মিক্স এবং কুইন্স বরোর প্রেসিডেন্ট ডনোভান রিচার্ডস এতে সহ-সভাপতি হিসেবে রয়েছেন, এবং এটি সাউথইস্ট কুইন্স, সাউথওয়েস্ট কুইন্স, রকএওয়ে, এবং নাসাউ কাউন্টির পশ্চিম অংশের টার্গেটকৃত স্থানীয় কমিউনিটিগুলোর নির্বাচিত 42 জন কর্মকর্তা, কমিউনিটি বোর্ড, ব্যবসা প্রতিষ্ঠান ও অলাভজনক সংস্থা, নাগরিক সংগঠন, এবং ক্লার্গি লিডারদের নিয়ে গঠন করা হয়েছে।

শুরুর সময় থেকেই, এই কাউন্সিল কমিউনিটি পর্যায়ে প্রচার প্রচেষ্টা সম্প্রসারণ করতে এবং কমিউনিটি-কেন্দ্রিক কর্মসূচি উন্নয়ন করতে পোর্ট অথরিটির সঙ্গে কাজ করে আসছে, যা এই উচ্চাকাঙ্ক্ষী প্রকল্প যাতে স্থানীয় স্টেকহোল্ডারদের কাছ থেকে মতামত গ্রহণ করে এবং স্থানীয় ব্যবসা প্রতিষ্ঠান, MWBE, শিক্ষার্থী, ও চাকরি প্রত্যাশীদের জন্য সহ বিমানবন্দরের চারপাশের কমিউনিটির জন্য অর্থপূর্ণ সুযোগ প্রদান করে সে বিষয়টি নিশ্চিত করে।

এর মধ্যে সব ধরনের কাজের ক্ষেত্রে পোর্ট অথরিটির 30 শতাংশ কন্ট্রাক্ট MWBE-সমূহকে প্রদানের লক্ষ্য পূরণের অঙ্গীকারকে এগিয়ে নেয়ার কর্মসূচি, এবং টার্মিনাল 8 প্রকল্প, যা একটি সম্পূর্ণ প্রকল্প-শ্রমিক চুক্তির অধীনে ইউনিয়নের শ্রমিকদের দ্বারা নির্মিত হবে, সেটি সহ, JFK পুনঃউন্নয়ন কর্মসূচির সকল পর্যায়ে স্থানীয় ব্যবসা প্রতিষ্ঠানগুলোর জন্য সুযোগ তৈরি করার দিকে বিশেষভাবে নজর দেয়া অন্তর্ভুক্ত রয়েছে। কাউন্সিল কর্তৃক অগ্রাধিকার দেওয়া অন্য কমিউনিটি উন্নয়ন উদ্যোগগুলো স্থানীয় বাসিন্দাদের জন্য কর্মসংস্থানের সুযোগ তৈরি ও কর্মীদের উন্নয়ন, ক্ষুদ্র ব্যবসাগুলোর প্রসার ও উন্নয়ন, এবং স্থানীয় শিক্ষার্থীদের জন্য শিক্ষামূলক কর্মসূচির মতো বিষয়গুলোর উপর জোর দেয়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418